



## জাতীয় বক্তৃতা প্রতিযোগিতা ২০২৩ ও আলোচনা সভা অনুষ্ঠিত



জাতীয় শোক দিবস উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির আয়োজনে ১০ আগস্ট ২০২৩-বৃহস্পতিবার কেন্দ্রীয় মিলনায়তনে জাতীয় বক্তৃতা প্রতিযোগিতা ২০২৩ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ মশিউর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির সভাপতি সাইদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ আলোচক হিসেবে ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। এছাড়াও অন্যান্য আলোচকের মধ্যে ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর এর উপাচার্য অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল, সংগঠনটির মডারেটর মোঃ মেফতাহুল হাসান, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ ইব্রাহীম ফরাজী। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সংগঠনটির সাধারণ সম্পাদক মো. আসাদুজ্জামান রাজু।

উল্লেখ্য বক্তৃতা প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নাহিদ হাসান, প্রথম রানার আপ হয় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী রোকসানা আক্তার এবং দ্বিতীয় রানার আপ হয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী রুবিনা জাহান। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।